দৈনিক
ইত্তেফাক

তারিখ 14 JUN 2016
পৃষ্ঠা ৩ কলাম ৭




রায়পুর (লক্ষ্মীপুর) : পৌর শহরের পান বাজার এলাকায় বাতিঘর স্কুলের সামনে বয়স্ক ও শিশু শিক্ষার্থীরা —ইত্তেফাক

# রায়পুরে সুবিধা বঞ্চিত শিশু-বয়স্কদের নিয়ে বাতিঘর স্কুল

■ রায়পুর (লক্ষ্মীপুর) সংবাদদাতা

লক্ষ্মীপুরের রায়পুর উপজেলায় সুবিধা বঞ্চিত শিশু ও বয়স্কদের মাঝে শিক্ষার আলো ছড়িয়ে দিতে বাতিঘর নামে বিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে। শুক্রবার সন্ধ্যায় পৌর শহরের পান বাজার এলাকায় প্রাথমিকভাবে সুইপার কলোনির ৩০ জন ছাত্র-ছাত্রী ও তিন জন শিক্ষক নিয়ে যাত্রা শুরু করেছে এ স্কুলটি। এতে সকাল ৬টা থেকে ৭টা পর্যন্ত বঞ্চিত পথশিশুদের ধর্মীয় শিক্ষা ও বিকাল ৫টা থেকে ৭টা পর্যন্ত বয়স্কদের বাংলা, ইংরেজি এবং অংকসহ বিভিন্ন বিষয়ে পড়ানো হবে।

প্রসঙ্গত, গত তিন মাস আগে জেলা প্রশাসক জিল্লুর রহমান চৌধুরীর নির্দেশনায় রায়পুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শারমিন আলমের নেতৃত্বে স্থানীয় রায়পুর ফ্রেন্ডস ফোরাম নামের একটি স্বেচ্ছাসেবী সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি তুহিন চৌধুরী, সাধারণ সম্পাদক ওহিদুর রহমান মুরাদসহ অনেকের সহযোগিতায় সরকারি একটি খাস জমিতে স্কুলটি গড়ে তোলা হয়।